

প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে “CSE Education for Developing Skills: Context of 4IR in Bangladesh” শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার রাজধানীর গুলশানের একটি হোটেলে প্রেসিডেন্সি ইউনিভার্সিটির অফিস অব দ্যা স্টুডেন্টস এফেয়ার্স, ক্যারিয়ার স্কুল ও সিএসই ডিপার্টমেন্ট এর যৌথ উদ্যোগে এ গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটির ব্যবস্থাপনা পরিচালক ডা: বিকর্ণ কুমার ঘোষ। প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মুনিরুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটি ফর প্রাইভেট ইউনিভার্সিটি একাডেমিকসের ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক ড. সৈয়দ আক্তার হোসেন। আলোচনা সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দেশের স্বনামধন্য শিক্ষাবিদ ও আইটি শিল্পের বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।